LGfL SafeguardED

**BENGALI TRANSLATION of the Department for Education statutory guidance for schools and colleges:**

## Keeping children safe in education 2023

## Part one: Information for all school and college staff

Find KCSIE Part 1 translated into 13 community languages at **kcsietranslate.lgfl.net**

NB This translation goes up to and includes the diagram on page 22 on the full version of part one (it does not include the Annex of Part 1 – which is Annex B in the full version)

Department for Education

# শিক্ষাক্ষেত্রে শিশুদের সুরক্ষিত রাখা 2023

## স্কুল এবং কলেজের জন্য বিধিবদ্ধ নির্দেশিকা

**1লা সেপ্টেম্বর 2023**

# সারাংশ

## এই নির্দেশিকার কি পরিস্থিতি

এটি এডুকেশন অ্যাক্ট 2002 -এর ধারা 175 (সংশোধনানুসারে), এডুকেশন (ইন্ডিপেন্ডেন্ট স্কুল স্ট্যান্ডার্ডস) রেগুলেশনস 2014, নন-মেইনটেইনড স্পেশাল স্কুলস (ইংল্যান্ড) রেগুলেশনস 2015 এবং অ্যাপ্রেন্টিসশিপস, স্কীলস, চিলড্রেন অ্যান্ড লার্নিং অ্যাক্ট 2009 (সংশোধনানুসারে) এর অধীনে জারি করা শিক্ষা দপ্তর ('দপ্তর') থেকে বিধিবদ্ধ নির্দেশিকা। অপ্রাপ্তবয়স্কদের কল্যাণ রক্ষা ও প্রচার করার দায়িত্ব পালন করার সময় ইংল্যান্ডের স্কুল এবং কলেজগুলি **অবশ্যই** এগুলি মেনে চলতে হবে। এই নির্দেশিকাটির উদ্দেশ্যে অপ্রাপ্তবয়স্কদের মধ্যে 18 বছরের কম বয়সী প্রত্যেকে অন্তর্ভুক্ত।

## এই নির্দেশিকা সম্পর্কে

আমরা এই নির্দেশিকা জুড়ে **"অবশ্যই"** এবং **"উচিত"** শব্দগুলি ব্যবহার করেছি। কোনও ব্যক্তির আইনত কিছু করা বাধ্যতামূলক হলে আমরা তার ক্ষেত্রে **"অবশ্যই"** এবং উপযুক্ত কোনো কারণ না থাকলে তার ক্ষেত্রে পরামর্শ মানা উচিত বোঝাতে **"উচিত"** শব্দটি ব্যবহার করি। নির্দেশিকাটি পাশাপাশি পড়া **উচিত**:

- বিধিবদ্ধ নির্দেশিকা Working Together to Safeguard Children (অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা), এবং
- বিভাগীয় পরামর্শ What to Do if You Are Worried a Child is Being Abused – Advice for Practitioners (আপনি যদি চিন্তিত থাকেন যে কোনও অপ্রাপ্তবয়স্ককে লাঞ্ছনা করা হচ্ছে তাহলে কি করবেন - অনুশীলনকারীদের জন্য পরামর্শ)

**অন্যথায় কোনকিছু নির্দিষ্ট না করা থাকলে:**

- '**স্কুল**' মানে: মেইনটেইনড অর্থাৎ রক্ষণাবেক্ষণ করা, নন-মেইনটেইনড বা স্বতন্ত্র স্কুল (একাডেমি, ফ্রী স্কুল এবং বিকল্প প্রভিজন একাডেমি সহ), মেইনটেইনড করা নার্সারি স্কুল[1] এবং ছাত্রদের রেফারেল ইউনিট সহ সব স্কুল।
- '**কলেজ**' মানে উচ্চতর শিক্ষার কলেজ এবং সিক্সথ-ফর্ম কলেজ যা ফার্দার অ্যান্ড হায়ার এডুকেশন অ্যাক্ট 1992-এর অধীনে প্রতিষ্ঠিত হয়েছে এবং যেসব প্রতিষ্ঠানগুলিকে আরও শিক্ষাখাতের মধ্যে পড়ে বলে নির্দিষ্ট করা হয়েছে[2]। এছাড়াও, কলেজ মানে অ্যাপ্রেনটিসশিপস,

---

[1] Early Years Foundation Stage Framework (আর্লি ইয়ার্স ফাউন্ডেশন স্টেজ ফ্রেমওয়ার্ক) (EYFS) প্রারম্ভিক বর্ষের সব ব্যবস্থাপকদের জন্য বাধ্যতামূলক। এটি প্রারম্ভিক বর্ষের ব্যবস্থা সহ যে কোন মেইনটেইনড নার্সারি স্কুল সহ সব স্কুলের ক্ষেত্রে প্রযোজ্য। মেইনটেইনড নার্সারি স্কুলগুলিকে, 'এই নির্দেশিকা সম্পর্কে'র অধীনে তালিকাভুক্ত অন্যান্য স্কুলগুলির মতো, অপ্রাপ্তবয়স্কদের কল্যাণ রক্ষা ও প্রচার করার দায়িত্ব পালন করার সময় অবশ্যই অপ্রাপ্তবয়স্কদের শিক্ষার ক্ষেত্রে নিরাপদ রাখার বিষয়ে বিবেচনা করতে হবে (এডুকেশন অ্যাক্ট ধারা 175(2), আইন 2002-এর ভিত্তিতে – এই প্রয়োজনীয়তা সম্পর্কে আরও বিস্তারিত জানতে পাদটীকা 19 দেখুন)।

[2] ফার্দার অ্যান্ড হায়ার এডুকেশন অ্যাক্ট 1992 এর ধারা 28-এর অধীনে ('নির্ধারিত প্রতিষ্ঠান')।

স্কীল, চিলড্রেন অ্যান্ড লার্নিং অ্যাক্ট 2009 (সংশোধনানুসারে) নির্ধারিত পোস্ট-16 শিক্ষা প্রদানকারী[3]: 16-19 অ্যাকাডেমি, স্পেশ্যাল পোস্ট-16 প্রতিষ্ঠান এবং ইন্ডিপেন্ডেন্ট ট্রেনিং প্রোভাইডার্স অর্থাৎ স্বতন্ত্র প্রশিক্ষণ প্রদানকারী। কলেজগুলির ক্ষেত্রে, নির্দেশিকাটি এই প্রতিষ্ঠানগুলিতে শিক্ষা বা প্রশিক্ষণ গ্রহণকারী অপ্রাপ্তবয়স্কদের প্রতি তাদের দায়িত্বের সাথে সম্পর্কিত।

## ভুক্তভোগী এবং অভিযুক্ত অপরাধী

এই নির্দেশিকাটির উদ্দেশ্যে, আমরা কিছু জায়গায় '**ভুক্তভোগী**' শব্দটি ব্যবহার করি। এটি একটি ব্যাপকভাবে স্বীকৃত এবং বোধগম্য শব্দ। এটি গুরুত্বপূর্ণ যে স্কুল এবং কলেজগুলি স্বীকার করে যে যারা লাঞ্ছনার শিকার হয়েছে তারা সকলে নিজেকে একজন ভুক্তভোগী বলে মনে করে না বা এইভাবে বর্ণনা করতে চায় না। পরিশেষে, স্কুল এবং কলেজগুলি এ ধরনের যে কোনও ঘটনা সামলানোর সময় এটি সম্পর্কে সচেতন হওয়া উচিত এবং এমন কোনও শব্দ ব্যবহার করা উচিত যাতে প্রতিটি অপ্রাপ্তবয়স্ক স্বচ্ছন্দ্য বোধ করে।

এই কারণে, আমরা, কিছু ক্ষেত্রে, "**অপরাধী**"এবং যেখানে উপযুক্ত '**অভিযুক্ত অপরাধী**' শব্দটি ব্যবহার করি। এগুলি ব্যাপকভাবে ব্যবহৃত ও স্বীকৃত শব্দ এবং কার্যকর নির্দেশিকা তৈরি করার জন্য সবচেয়ে উপযুক্ত। যাইহোক, স্কুল এবং কলেজগুলিকে, বিশেষ করে অপ্রাপ্তবয়স্কদের সামনে কথা বলার সময়, এই সমস্ত পরিভাষা নিয়ে খুব সাবধানে চিন্তা করা উচিত কারণ কিছু ক্ষেত্রে লাঞ্ছনাকর আচরণ অপরাধীর জন্যও ক্ষতিকর হতে পারে। উপরের মত, স্কুল ও কলেজ তাদের বিবেচনামত ভিন্ন ভিন্ন কেসের ভিত্তিতে,যেমন যথাযথ সেইমত, উপযুক্ত পরিভাষা ব্যবহার করবে।

## এই নির্দেশিকা কার জন্য?

**এই বিধিবদ্ধ নির্দেশিকা এদের পড়া এবং মানা উচিত:**

- অ্যাপ্রেন্টিসশিপস, স্কীলস, চিলড্রেন অ্যান্ড লার্নিং অ্যাক্ট 2009 (সংশোধনানুসারে) এর বর্ণনামত যেসব মেইনটেইনড করা স্কুল (মেইনটেইনড নার্সারি স্কুল সহ) এবং কলেজগুলির প্রশাসনিক কর্তৃপক্ষ, তাতে পোস্ট-16 শিক্ষা প্রদানকারী অন্তর্ভুক্ত: 16-19 অ্যাকাডেমি, স্পেশ্যাল পোস্ট-16 প্রতিষ্ঠান এবং স্বতন্ত্র প্রশিক্ষণ প্রদানকারী
- স্বাধীন বিদ্যালয়গুলির (একাডেমি, অবৈতনিক স্কুল এবং বিকল্প প্রভিশন একাডেমি সমেত) এবং নন-মেইনটেইনড বিশেষ স্কুলের মালিকগণ। একাডেমি, অবৈতনিক স্কুল এবং বিকল্প প্রভিশন একাডেমির ক্ষেত্রে মালিক হবেন একাডেমির ট্রাস্ট
- পিউপিল রেফারেল ইউনিটগুলির (PRU) ব্যবস্থাপনা কমিটিকে এবং

[3] Apprenticeships, Skills, Children and Learning Act 2009 (as amended) অ্যাপ্রেন্টিসশিপস, স্কীলস, চিলড্রেন অ্যান্ড লার্নিং অ্যাক্ট 2009 (সংশোধনানুসারে)

- ঊর্ধ্বতন নেতৃদল

সারা নির্দেশিকা জুড়ে, '**প্রশাসনিক কর্তৃপক্ষ এবং স্বত্বাধিকারী**' বলতে এর মধ্যে ম্যানেজমেন্ট কমিটিও অন্তর্ভুক্ত, যদি না অন্য কিছু বলা হয়।

## স্কুল ও কলেজ কর্মী

স্কুল বা কলেজে কর্মরত **প্রত্যেকেরই** তাদের সুরক্ষার দায়িত্ব অবশ্যই বোঝা দরকার। প্রশাসনিক কর্তৃপক্ষ এবং স্বত্বাধিকারীদের নিশ্চিত করা উচিত, যেসব কর্মী সরাসরি অপ্রাপ্তবয়স্কদের সঙ্গে কাজ করেন তারা যেন **অন্তত** এই নির্দেশিকার প্রথম অংশ পড়েন।

প্রশাসনিক কর্তৃপক্ষ এবং স্বত্বাধিকারীদের মধ্যে যারা তাদের ঊর্ধ্বতন নেতৃদল এবং বিশেষত তাদের মনোনীত সেফগার্ডিং লীড অর্থাৎ সুরক্ষাভারপ্রাপ্ত প্রধানের সাথে কাজ করেন, তাদের নিশ্চিত করা উচিত যে যেসব কর্মী সরাসরি অপ্রাপ্তবয়স্কদের সাথে কাজ করেন না, তারা যেন এই নির্দেশিকার প্রথম ভাগ বা পরিশিষ্ট A (প্রথম ভাগের সংক্ষিপ্ত সংস্করণ) পড়েন। এটি সম্পূর্ণরূপে স্কুল বা কলেজের বিষয় এবং অপ্রাপ্তবয়স্কদের কল্যাণ রক্ষায় এবং প্রসারে তাদের কর্মীদের জন্য কোন নির্দেশিকা সবচেয়ে কার্যকর হবে তা তাদের মূল্যায়নের ভিত্তিতে ঠিক করা হবে।

প্রশাসনিক কর্তৃপক্ষ এবং স্বত্বাধিকারীদের নিশ্চিত করা উচিত যে এই নির্দেশিকাটির প্রথম অংশে (অথবা উপযুক্ত হলে পরিশিষ্ট A) কর্মীদের যে ভূমিকা ও দায়িত্ব জানানো হয়েছে সেসব বোঝা এবং পালন করায় সহায়তার ব্যবস্থা রয়েছে।

## এই নির্দেশিকা কোনটির পরিবর্তে এল?

এই নির্দেশিকা শিক্ষায় অপ্রাপ্তবয়স্কদের নিরাপদ রাখার অর্থাৎ কীপিং চিল্ড্রেন সেফ ইন এডুকেশন 2022 এর পরিবর্তে এল। মূল পরিবর্তনসমূহের তালিকা পরিশিষ্ট F-এ অন্তর্ভুক্ত রয়েছে।



Find this document and other translations of Part 1 of
Keeping Children Safe in Education in 13 community languages at kcsietranslate.lgfl.net

# প্রথম ভাগ: সমস্ত কর্মীদের জন্য সুরক্ষার তথ্য

## স্কুল এবং কলেজের কর্মীদের কি জানা এবং করা উচিত

### সুরক্ষার জন্য একটি অপ্রাপ্তবয়স্ককেন্দ্রিক ও সমন্বিত পদ্ধতি

1. স্কুল এবং কলেজ আর তাদের কর্মীরা অপ্রাপ্তবয়স্কদের বৃহত্তর সুরক্ষা ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অঙ্গ। এই ব্যবস্থার বর্ণনা Working Together to Safeguard Children (অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা) এর বিধিবদ্ধ নির্দেশিকাতে করা হয়েছে।

2. অপ্রাপ্তবয়স্কদের কল্যাণ রক্ষা ও প্রচার করা **প্রত্যেকেরই** দায়িত্ব। **প্রত্যেকে** যারা অপ্রাপ্তবয়স্ক এবং তাদের পরিবারের সংস্পর্শে আছেন, তাদের পালন করার মত ভূমিকা রয়েছে। এই দায়িত্বটি কার্যকরভাবে সম্পন্ন করার জন্য, সমস্ত অনুশীলনকারীদের নিশ্চিত করা উচিত যে তাদের পদ্ধতি যেন অপ্রাপ্তবয়স্ক কেন্দ্রিক হয়। এর মানে হল তাদের সবসময় অপ্রাপ্তবয়স্কটির **সেরা স্বার্থের** কথা বিবেচনা করা উচিত।

3. কোনও একক অনুশীলনকারীর পক্ষে একটি অপ্রাপ্তবয়স্কর সমস্ত প্রয়োজন ও পরিস্থিতির বিষয়ে জানা সম্ভব নয়। অপ্রাপ্তবয়স্ক এবং পরিবারগুলিকে সঠিক সময়ে সঠিক সহায়তা দিতে হলে, যারা তাদের সংস্পর্শে আছেন, তাদের **প্রত্যেকের,** তাদের উদ্বেগ শনাক্ত করা, তথ্য জানানো এবং অবিলম্বে পদক্ষেপ নেওয়ায় একটি ভূমিকা পালন করতে হবে।

4. অপ্রাপ্তবয়স্কদের কল্যাণ রক্ষা ও প্রচার করার এই নির্দেশিকার উদ্দেশ্যে নিম্নোক্ত বিষয়গুলি সংজ্ঞায়িত করা হয়েছে:

- দুর্ব্যবহার হতে অপ্রাপ্তবয়স্কদের রক্ষা
- অপ্রাপ্তবয়স্কদের মানসিক ও শারীরিক স্বাস্থ্য বা বিকাশের প্রতিবন্ধকতা প্রতিরোধ
- নিরাপদ ও কার্যকরী পরিচর্যার বিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ পরিস্থিতিতে অপ্রাপ্তবয়স্কদের বড় হয়ে ওঠা নিশ্চিত করা; এবং
- সেরা ফলাফল পেতে সমস্ত অপ্রাপ্তবয়স্কদের সক্ষম করার পদক্ষেপ গ্রহণ।

5. 'অপ্রাপ্তবয়স্ক' বলতে 18 বছরের কম বয়সী প্রত্যেকে অন্তর্ভুক্ত।

### স্কুল এবং কলেজের কর্মীদের ভূমিকা

6. স্কুল এবং কলেজের কর্মীরা যেহেতু শীঘ্র উদ্বেগ শনাক্ত করতে পারেন, অপ্রাপ্তবয়স্কদের সহায়তা প্রদান, অপ্রাপ্তবয়স্কদের কল্যাণের প্রসার এবং উদ্বেগ যাতে না বাড়ে তার ব্যবস্থা নিতে পারেন সেহেতু তাদের ভূমিকা গুরুত্বপূর্ণ।

7. **সকল** কর্মচারীদেরই দায়িত্বের মধ্যে পড়ে, অপ্রাপ্তবয়স্কদের জন্য সুরক্ষিত শিক্ষার পরিবেশ দেওয়া।

8. **সকল** কর্মচারীদেরই সেই সব অপ্রাপ্তবয়স্কদের চিহ্নিত করার জন্য প্রস্তুত থাকা উচিত, যারা শীঘ্র সাহায্য পেলে উপকৃত হতে পারে।[4] শীঘ্র সাহায্য বলতে অল্প বয়স থেকে শুরু করে টিনেজ পর্যন্ত অপ্রাপ্তবয়স্কদের জীবনে যে কোন সময়ে কোন সমস্যা উদ্ভূত হওয়া মাত্র সহায়তা প্রদান করা বোঝায়।

9. **যে কোনও কর্মী সদস্য** যার অপ্রাপ্তবয়স্কদের কল্যাণ সম্পর্কে **কোনও** উদ্বেগ রয়েছে তার 51-67 নম্বর অনুচ্ছেদে উল্লিখিত প্রক্রিয়াগুলি অনুসরণ করা উচিত। আশা করা হয় যে কর্মীদের যে কোন রেফারেল অনুসারে সমাজকর্মীদের এবং অন্যান্য সংস্থাকে সহায়তা করবে।

10. **প্রতিটি** স্কুল এবং কলেজের একটি নির্দিষ্ট সেফগার্ডিং লীড থাকা উচিত যিনি কর্মীদের সুরক্ষা সংক্রান্ত দায়িত্বগুলি পালনের জন্য তাদের সহায়তা করবেন এবং যিনি স্থানীয় কর্তৃপক্ষের অপ্রাপ্তবয়স্কদের সামাজিক পরিচর্যা অর্থাৎ লোকাল অথরিটির চিল্ড্রেনস সোশাল কেয়ারের মতো অন্য পরিষেবাগুলির সাথে ঘনিষ্ঠভাবে যোগাযোগ রাখবেন।

11. এই মনোনীত সেফগার্ডিং লীড (এবং কোন ডেপুটি) সম্ভবত সুরক্ষার সম্পূর্ণ বিষয়টি বুঝবেন এবং সুরক্ষা সংক্রান্ত উদ্বেগে প্রতিক্রিয়ায় পরামর্শ দেওয়ায় তিনি সর্বোপযুক্ত ব্যক্তি হবেন।

12. টীচার্স স্ট্যান্ডার্ডস অর্থাৎ শিক্ষকদের মান 2012-তে বলা হয়েছে যে শিক্ষকরা (যার মধ্যে প্রধান শিক্ষকেরাও অন্তর্ভুক্ত) তাদের পেশাগত কর্তব্যের অঙ্গ হিসেবে অপ্রাপ্তবয়স্কদের কল্যাণ রক্ষা করবে এবং শিক্ষার পেশায় জনসাধারণের আস্থা বজায় রাখবে।[5]

## স্কুল এবং কলেজের কর্মীদের যা জানা দরকার

13. স্কুল বা কলেজের মধ্যে যে সিস্টেমগুলি সুরক্ষা ব্যবস্থায় সহায়তা করার জন্য থাকে **সমস্ত** কর্মীদের সে সম্পর্কে সচেতন থাকা উচিত এবং কর্মীদের ভর্তির অংশ হিসেবে তাদের কাছে এগুলি বুঝিয়ে দেওয়া দরকার। এর মধ্যে এইগুলি থাকা উচিত:

- অপ্রাপ্তবয়স্ক সুরক্ষা নীতি (যাতে অন্যান্য বিষয়ের মধ্যে অপ্রাপ্তবয়স্কর দ্বারা অপ্রাপ্তবয়স্ক লাঞ্ছনা সামলানোর নীতি এবং প্রক্রিয়াও অন্তর্ভুক্ত করা উচিত)
- আচরণ নীতি (যার মধ্যে শাসানি প্রতিরোধের ব্যবস্থা অন্তর্ভুক্ত করা উচিত, তাতে সাইবার শাসানি, পক্ষপাতদুষ্ট এবং বৈষম্যমূলক শাসানিও রয়েছে)[6]
- কর্মীদের আচরণ নীতি (কখনও কখনও আচরণবিধিও বলা হয়) অন্যান্য বিষয়গুলির ক্ষেত্রেও থাকা উচিত, যার মধ্যে নিম্ন-স্তরের উদ্বেগ, কর্মীদের বিরুদ্ধে অভিযোগ এবং হুইসেলব্লোয়িঙ অন্তর্ভুক্ত করা উচিত

---

[4] শীঘ্র সাহায্যের বিস্তারিত তথ্য Working Together to Safeguard Children (অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা) অধ্যায় 1-এ রয়েছে।

[5] Teachers' Standards (শিক্ষকদের মান) এগুলির ক্ষেত্রে প্রযোজ্য: QTS এর জন্য কর্মরত প্রশিক্ষণ গ্রহণকারী; সমস্ত শিক্ষক যারা তাদের বিধিবদ্ধ ইন্ডাকশন সময়সীমা সম্পূর্ণ করেছেন (নবীন যোগ্যতাপ্রাপ্ত শিক্ষক [NQT]); এবং মেইনটেইনড বিশেষ স্কুল সহ মেইনটেইনড স্কুলে যে শিক্ষকেরা এডুকেশন (স্কুল টীচার্স অ্যাপ্রেইজাল) (ইংল্যান্ড) বিধি 2012-এর আওতায় পড়েন।

[6] সমস্ত স্কুলের আচরণ নীতি থাকা প্রয়োজন (সম্পূর্ণ বিবরণ here (এখানে) আছে)। কোন কলেজ আচরণ নীতি রাখতে চাইলে তা উপরের বর্ণনা অনুযায়ী কর্মীদের প্রদান করা উচিত।

- বিশেষত বারবার এবং/অথবা দীর্ঘ সময় ধরে যেসব অপ্রাপ্তবয়স্ক শিক্ষাঙ্গনে অনুপস্থিত, তাদের সুরক্ষাব্যবস্থার আয়োজন এবং
- মনোনীত সেফগার্ডিং লীডের ভূমিকা (মনোনীত সেফগার্ডিং লীডের এবং যে কোন ডেপুটির পরিচয় সহ)।

নীতিমালার অনুলিপি এবং এই নথির প্রথম ভাগের একটি অনুলিপি (অথবা উপযুক্ত মনে হলে পরিশিষ্ট A) ভর্তির সময় **সমস্ত** কর্মীদের দেওয়া উচিত।

14. **সমস্ত** কর্মীদের ভর্তির সময় যথাযথ সুরক্ষা এবং অপ্রাপ্তবয়স্ক সুরক্ষার প্রশিক্ষণ (অনলাইন নিরাপত্তা সহ, যেখানে অন্যান্য বিষয়ের মধ্যে ফিল্টারিং এবং পর্যবেক্ষণের সাপেক্ষে প্রযোজ্য ভূমিকা এবং দায়িত্ব, প্রত্যাশা বোঝা অন্তর্ভুক্ত - আরও তথ্যের জন্য অনুচ্ছেদ 141 দেখুন) পাওয়া উচিত। এই প্রশিক্ষণ নিয়মিত আপডেট করা উচিত। তাছাড়া, **সমস্ত** কর্মীদের কার্যকরীভাবে অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষিত (অনলাইন নিরাপত্তা সহ) করার জন্য প্রাসঙ্গিক দক্ষতা এবং জ্ঞান প্রদানের জন্য, প্রয়োজন মত এবং অন্তত প্রতি বছর, সুরক্ষা ব্যবস্থা এবং অপ্রাপ্তবয়স্ক সুরক্ষার আপডেট (উদাহরণস্বরূপ, ইমেইল, ই-বুলেটিন এবং কর্মীদের মিটিং এর মাধ্যমে) পাওয়া উচিত।

15. **সকল** কর্মীদের তাদের স্থানবিশেষের শীঘ্র সাহায্যের প্রক্রিয়া সম্পর্কে সচেতন হওয়া এবং এতে তাদের ভূমিকা কি তা বোঝা উচিত।

16. **সকল** কর্মীদের চিল্ড্রেন অ্যাক্ট 1989,[7] বিশেষত ধারা 17 (চিল্ড্রেন ইন নীড অর্থাৎ অসহায় অপ্রাপ্তবয়স্ক) এবং ধারা 47 (এমন অপ্রাপ্তবয়স্ক যার গুরুতর ক্ষতি হয়েছে অথবা ক্ষতি হওয়ার সম্ভাবনা আছে) -এর অধীনে বিধিবদ্ধ মূল্যায়ন এবং লোকাল অথরিটির চিল্ড্রেনস সোশাল কেয়ারের কাছে রেফার করার প্রক্রিয়া সম্বন্ধে সচেতন হওয়া উচিত, তার পর একটি রেফারেল করা যায়, এবং ঐ মূল্যায়নগুলির ক্ষেত্রে তাদের কাছ থেকে যে ভূমিকা প্রত্যাশা করা হয় সে সম্পর্কে সচেতন থাকা উচিত।

17. কোন অপ্রাপ্তবয়স্ক তাকে লাঞ্ছনা, নিপীড়ন বা অবহেলা করা হচ্ছে বলে জানালে কি করণীয় তা **সকল** কর্মীদের জানা উচিত। গোপনীয়তার যথাযথ মাত্রা বজায় রাখতে প্রয়োজনীয় বিষয়গুলি কিভাবে নিয়ন্ত্রণ করবেন কর্মীদের তা অবশ্যই জানা উচিত। এর অর্থ শুধু তাদের জড়িত রাখতে হবে যাদেরকে জড়ানো দরকার, যেমন মনোনীত সুরক্ষাপ্রধান (বা একজন ডেপুটি) এবং লোকাল অথরিটির চিল্ড্রেনস সোশাল কেয়ার। কর্মীর কখনই অপ্রাপ্তবয়স্ককে প্রতিশ্রুতি দেওয়া উচিত নয় যে তিনি কাউকে লাঞ্ছনার রিপোর্টের কথা বলবেন না, কারণ তা ঐ অপ্রাপ্তবয়স্কর সেরা স্বার্থে নাও হতে পারে।

18. **সমস্ত** কর্মীদের ভুক্তভোগীদের আশ্বস্ত করতে পারা উচিত যে তাদের কথায় গুরুত্ব দেওয়া হচ্ছে এবং তাদের সমর্থন করা এবং নিরাপদ রাখা হবে। একজন ভুক্তভোগীকে কখনই এমন ধারণা দেওয়া উচিত নয় যে তারা **কোনো** রকমের লাঞ্ছনা বা অবহেলার কথা রিপোর্ট করে সমস্যা তৈরি করছে। রিপোর্ট করার জন্য কোনো ভুক্তভোগীকে কখনোই লজ্জিত বোধ করানো উচিত নয়।

19. **সমস্ত কর্মীদের** সচেতন হওয়া উচিত যে অপ্রাপ্তবয়স্করা প্রস্তুত বোধ নাও করতে পারে বা তারা যে নির্যাতিত, শোষিত বা অবহেলিত হচ্ছে সে কথা কাউকে কীভাবে বলবে তা নাও জানা

[7] বিধিবদ্ধ মূল্যায়নগুলি সম্পর্কে বিশদ তথ্য Working Together to Safeguard Children (অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা)[7]-এর অধ্যায় 1-এ রয়েছে।

থাকতে পারে এবং/অথবা তারা তাদের অভিজ্ঞতা ক্ষতিকারক মনে নাও করতে পারে। উদাহরণস্বরূপ, অপ্রাপ্তবয়স্করা বিব্রত বোধ করতে পারে, অপমানিত হতে পারে বা হুমকির সম্মুখীন হতে পারে। তাদের দুর্বলতা, অক্ষমতা এবং/অথবা যৌন অভিযোজন বা ভাষার ক্ষেত্রে বাধার কারণে এমন হতে পারে। যদি কর্মীরা কোন অপ্রাপ্তবয়স্কর বিষয়ে উদ্বিগ্ন থাকে তাহলে এই কারণ কর্মীদের পেশাদারী কৌতূহল রাখা এবং মনোনীত সেফগার্ডিং লিডের সাথে কথা বলায় বাধাদায়ক হওয়া উচিত নয়। এটিও গুরুত্বপূর্ণ যে কর্মীরা অপ্রাপ্তবয়স্কদের বিশ্বস্ত পাত্র/পাত্রী হওয়ার সেরা উপায় নির্ধারণ করতে হবে যাতে অপ্রাপ্তবয়স্ক ও যুবকদের সাথে কথাবার্তার সুবিধা হয়।

## স্কুল এবং কলেজের কর্মীদের কিসের সন্ধান করা উচিত

### শীঘ্র সাহায্য

20. **যে কোন** অপ্রাপ্তবয়স্ক শীঘ্র সাহায্যে উপকৃত হতে পারে, তবে সমস্ত স্কুল এবং কলেজের কর্মীরা বিশেষ করে এমন অপ্রাপ্তবয়স্ককে শীঘ্র সাহায্যের সম্ভাব্য প্রয়োজনীয়তার বিষয়ে সতর্ক থাকা উচিত যে:

- যে অক্ষম বা যার নির্দিষ্ট কোনো স্বাস্থ্যের সমস্যা আছে এবং কিছু অতিরিক্ত চাহিদাও রয়েছে
- যার বিশেষ শিক্ষাগত চাহিদা আছে (তাদের বিধিবদ্ধ শিক্ষা, স্বাস্থ্য ও পরিচর্যা পরিকল্পনা থাকুক আর নাই থাকুক)
- যার মানসিক স্বাস্থ্যের প্রয়োজন আছে
- যদি অল্প বয়সে কারও দেখাশোনা করে
- যে অপরাধী দলে জড়িত হওয়া এবং সংগঠিত অপরাধ বা অসামাজিক দল ও মাদক পাচার গোষ্ঠীসহ, অসামাজিক বা অপরাধের পথে যাওয়ার লক্ষণ দেখায়
- প্রায়শই পরিচর্যার স্থান বা বাড়িতে অনুপস্থিত থাকে বা না জানিয়ে চলে যায়
- যার আধুনিক দাসত্ব, পাচার বা যৌন বা অপরাধমূলক শোষণের ঝুঁকি আছে
- যার মৌলবাদের বা শোষণের শিকার হওয়ার ঝুঁকি আছে
- যার পরিবারের কেউ কারাগারে আছে অথবা যার প্রতি মা-বাবার আচরণ আপত্তিকর
- অপ্রাপ্তবয়স্ক এমন কোন পারিবারিক পরিস্থিতিতে আছে যা তার পক্ষে সামলানো কঠিন, যেমন মাদক ও অ্যালকোহলের অপব্যবহার, প্রাপ্তবয়স্ক মানসিক স্বাস্থ্য সমস্যা এবং পারিবারিক লাঞ্ছনা
- নিজেরাই অ্যালকোহল এবং অন্যান্য ড্রাগস নিচ্ছে
- কেয়ার অর্থাৎ পরিচর্যার স্থান থেকে তাদের পরিবারের কাছে বাড়িতে ফিরে গেছে
- যার নারীর যৌনাঙ্গ ছেদ বা বলপূর্বক বিবাহের মতো তথাকথিত 'সম্মান' ভিত্তিক লাঞ্ছনার ঝুঁকি রয়েছে
- তাকে আলাদা রেখে লালনপালন করা হয়েছে অথবা
- যে দিনের পর দিন স্কুলের দিনে কিছু সময় অনুপস্থিত থাকা সমেত শিক্ষায় ক্রমাগত অনুপস্থিত থাকে।

## লাঞ্ছনা এবং অবহেলা

21. **সমস্ত** কর্মীদের অপব্যবহার এবং অবহেলার সূচকগুলি সম্পর্কে সচেতন হওয়া উচিত (নীচে দেখুন), বোঝা উচিত যে অপ্রাপ্তবয়স্কদের স্কুল/কলেজের ভিতরে এবং বাইরে, বাড়ির ভিতরে এবং বাইরে এবং অনলাইনে ক্ষতির ঝুঁকি থাকতে পারে। পেশাদার কৌতূহল রাখা এবং লাঞ্ছনা ও অবহেলা শীঘ্র সনাক্তকরণের জন্য কী সন্ধান করতে হবে তা জানা অত্যাবশ্যক যাতে কর্মীরা সাহায্য বা সুরক্ষার প্রয়োজন হতে পারে এমন অপ্রাপ্তবয়স্কদের শনাক্ত করতে সক্ষম হয়।

22. **সমস্ত** স্কুল এবং কলেজের কর্মীদের এই বিষয়ে সচেতন হওয়া উচিত যে লাঞ্ছনা, অবহেলা এবং সুরক্ষাব্যবস্থার সমস্যায় ঘটা ঘটনা সাধারণত পৃথকভাবে হয় না এবং একটা কোনো সংজ্ঞা বা লেবেলে ফেলা যায়। বেশিরভাগ ক্ষেত্রে, একাধিক সমস্যা পরস্পর জড়িত থাকে।

23. **সকল** কর্মী, বিশেষত মনোনীত সেফগার্ডিং লিডদের (এবং ডেপুটিদের) বিবেচনা করা উচিত যে অপ্রাপ্তবয়স্কর পরিবারের বাইরের পরিস্থিতিতে লাঞ্ছনা বা শোষণের ঝুঁকি রয়েছে কিনা। পরিবার-বহির্ভূত ক্ষতি বিভিন্ন ধরনের হয়ে থাকে এবং অপ্রাপ্তবয়স্কদের একাধিক ক্ষতির শিকার হওয়ার আশঙ্কা থাকতে পারে যার মধ্যে রয়েছে (তবে সীমাবদ্ধ নয়) যৌন লাঞ্ছনা (হয়রানি ও শোষণ সহ), তাদের নিজেদের অন্তরঙ্গ সম্পর্কের মধ্যে পারিবারিক নির্যাতন (কিশোর সম্পর্কের অপব্যবহার), অপরাধমূলক শোষণ, গুরুতর যুব সহিংসতা, মাদক বা ড্রাগ পাচার এবং মৌলবাদের শিকার হওয়া।

24. **সমস্ত** কর্মীদের সচেতন থাকা উচিত যে প্রযুক্তি অনেক ক্ষেত্রেই সুরক্ষা এবং সুস্থতার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পাথেয়। অপ্রাপ্তবয়স্কদের অনলাইনের পাশাপাশি সামনাসামনিও লাঞ্ছনা ও অন্যান্য ক্ষতির ঝুঁকি থাকে। অনেক ক্ষেত্রে লাঞ্ছনা এবং অন্যান্য ঝুঁকি একই সাথে অনলাইন এবং অফলাইন উভয় ক্ষেত্রেই ঘটবে। অপ্রাপ্তবয়স্করা তাদের সমবয়সীদেরও অনলাইনে লাঞ্ছনা করতে পারে, সে ক্ষেত্রে গালাগাল, হেনস্থা এবং বিশেষ করে চ্যাট গ্রুপে নারীবিদ্বেষী/অপপ্রচারকারী বার্তা পাঠানো, সম্মতি ছাড়া অশালীন ছবি ভাগ করা হতে পারে, আর কেউ না চাইলেও তার সাথে অপমানজনক ছবি এবং পর্নোগ্রাফি ভাগ করা হতে পারে।

25. **সমস্ত ক্ষেত্রে কর্মীরা নিশ্চিত না হলে, তাদের সবসময় মনোনীত সেফগার্ডিং লীড বা ডেপুটির সাথে কথা বলা উচিত।**

## লাঞ্ছনা এবং অবহেলার সঙ্কেত

26. **লাঞ্ছনা:** অপ্রাপ্তবয়স্কর প্রতি এক প্রকার দুর্ব্যবহার। কেউ অপ্রাপ্তবয়স্কর ক্ষতি করে বা ক্ষতি প্রতিরোধ না করার মাধ্যমে তাকে লাঞ্ছনা বা উপেক্ষা করতে পারে। ক্ষতির মধ্যে এমন খারাপ আচরণ অন্তর্ভুক্ত থাকতে পারে যা শারীরিক না এবং অন্যদের প্রতি দুর্ব্যবহারের প্রত্যক্ষদর্শী হওয়ার প্রভাব হতে পারে। উদাহরণস্বরূপ, এটি বিশেষভাবে সব ধরনের পারিবারিক লাঞ্ছনার যে প্রভাব অপ্রাপ্তবয়স্কদের উপর পড়ে তার সাথে সম্পর্কিত হতে পারে। অপ্রাপ্তবয়স্করা তাদের পরিবারে বা প্রাতিষ্ঠানিক বা সম্প্রদায়ের ব্যবস্থায়, তাদের পরিচিত, বা বিরল ক্ষেত্রে, অপরিচিতদের দ্বারা লাঞ্ছিত হতে পারে। লাঞ্ছনা পুরোপুরি অনলাইনেও হতে পারে, অথবা অফলাইনে লাঞ্ছনা করতে প্রযুক্তি ব্যবহার করা হতে পারে। অপ্রাপ্তবয়স্করা প্রাপ্তবয়স্ক বা প্রাপ্তবয়স্কদের দ্বারা বা অন্য কোন অপ্রাপ্তবয়স্ক বা অপ্রাপ্তবয়স্কদের দ্বারা লাঞ্ছিত হতে পারে।

27. **শারীরিক লাঞ্ছনা:** অপব্যবহারের এমন এক রূপ যা মারা, ঝাঁকানো, আছাড় মারা, বিষ খাওয়ানো, পোড়ানো বা জ্বালানো, ডোবানো, শ্বাসরোধ করা বা অন্য কোনভাবে অপ্রাপ্তবয়স্কের

শারীরিক ক্ষতি করে। মা-বাবা বা পরিচর্যাকারী অপ্রাপ্তবয়স্কর অসুখের উপসর্গের মিথ্যা কথা জানিয়ে, বা ইচ্ছাকৃতভাবে তাকে অসুস্থ করার ফলেও শারীরিক ক্ষতি হতে পারে।

28. **মানসিক লাঞ্ছনা:** অপ্রাপ্তবয়স্কর প্রতি অনবরত আবেগজনিত দুর্ব্যবহার করা যার ফলে তার আবেগজনিত বিকাশে গুরুতর এবং প্রতিকূল প্রভাব পড়ে। এর মধ্যে অপ্রাপ্তবয়স্ককে অকর্মণ্য বোধ করানো বা ভালবাসা থেকে বঞ্চিত করা, অপর্যাপ্ত বোধ করানো, বা শুধু যতক্ষণ অন্যের প্রয়োজন মেটায় ততক্ষণই তাদের মূল্য আছে তাদের এমন ধারণা দেওয়া থাকতে পারে। এতে অপ্রাপ্তবয়স্কদের মতামত প্রকাশের সুযোগ না দেওয়া, ইচ্ছাকৃতভাবে তাদের চুপ করানো বা তারা যা বলে বা যেভাবে বলে সে সম্পর্কে 'তাকে নিয়ে হাসি ঠাট্টা করা' অন্তর্ভুক্ত থাকতে পারে। এর মধ্যে থাকতে পারে অপ্রাপ্তবয়স্কদের উপর বয়সের বা বিকাশকালের অনুপযুক্ত প্রত্যাশা চাপানো। এর মধ্যে কোন অপ্রাপ্তবয়স্কর বিকাশের ক্ষমতার বাইরের আলাপচারিতায় তাকে সামিল করা, তাকে অতিরিক্ত আগলে রাখা এবং বিভিন্ন জিনিস অনুসন্ধান করা ও শিক্ষায় তাকে সীমাবদ্ধ করে রাখা বা স্বাভাবিক সামাজিক আলাপচারিতায় তাকে অংশ নিতে না দেওয়াও থাকতে পারে। এর মধ্যে অন্যের প্রতি খারাপ ব্যবহার দেখা বা শোনাও অন্তর্ভুক্ত থাকতে পারে। এতে গুরুতর উৎপীড়ন (সাইবারবুলিং সহ) জড়িত থাকতে পারে, যার ফলে অপ্রাপ্তবয়স্করা প্রায়শই ভীত বা বিপন্ন অনুভব করে, বা যার ফলে অপ্রাপ্তবয়স্কদের শোষণ বা দুর্ভোগের সম্মুখীন হতে হয়। কিছু স্তরের মানসিক লাঞ্ছনা অপ্রাপ্তবয়স্কদের প্রতি সবরকম দুর্ব্যবহারেই জড়িয়ে থাকে, যদিও তা পৃথকভাবেও হতে পারে।

29. **যৌন লাঞ্ছনা:** যৌন কার্যকলাপে অংশ নেওয়ার জন্য অপ্রাপ্তবয়স্ক বা অল্পবয়সী কাউকে জোর বা প্রলুব্ধ করা, এটা খুব একটা হিংস্র ব্যবহার নাও হতে পারে, অপ্রাপ্তবয়স্ক কি ঘটছে তা বুঝুক আর নাই বুঝুক সেসব নির্বিশেষে এমন করা হয়। এইসব কাজের মধ্যে ভিতরে ঢুকিয়ে নির্যাতনের (উদাহরণস্বরূপ, ধর্ষণ বা মৌখিক যৌনসঙ্গম) মত শারীরিক সংস্পর্শ বা হস্তমৈথুন, চুম্বন, ঘষা এবং কাপড়ের বাইরে স্পর্শ করার মতো না ঢোকানোর মত কাজও অন্তর্ভুক্ত থাকতে পারে। সেগুলির মধ্যে স্পর্শ শূন্য কাজ, যেমন অপ্রাপ্তবয়স্কদের যৌন ছবি বা যৌন কার্যকলাপ দেখানো বা ঐসব কাজে জড়িত করা, অপ্রাপ্তবয়স্কদের অনাকাঙ্ক্ষিত যৌনাচরণে উৎসাহিত করা, বা লাঞ্ছনার প্রস্তুতি হিসেবে কোন অপ্রাপ্তবয়স্ককে শেখানোও থাকতে পারে। যৌন লাঞ্ছনা অনলাইনেও হতে পারে, এবং অফলাইনে লাঞ্ছনা করতে প্রযুক্তি ব্যবহার করা যেতে পারে। যৌন লাঞ্ছনা শুধু প্রাপ্তবয়স্ক পুরুষরা করে তা নয়। মহিলারাও যৌন লাঞ্ছনা করতে পারে, আর অন্য অপ্রাপ্তবয়স্করাও পারে। শিক্ষাজগতে অন্য অপ্রাপ্তবয়স্কদের দ্বারা অপ্রাপ্তবয়স্কদের যৌন লাঞ্ছনাও একটি নির্দিষ্ট সুরক্ষা সমস্যার মধ্যে পড়ে এবং এ সম্পর্কে **সমস্ত** কর্মীদের এবং এটি মোকাবিলা করার জন্য তাদের স্কুল বা কলেজের নীতি ও প্রক্রিয়াসম্পর্কে সচেতন থাকা উচিত।

30. **অবহেলা:** অপ্রাপ্তবয়স্কর মৌলিক শারীরিক এবং/অথবা মানসিক চাহিদা পূরণে অবিরাম ব্যর্থতা,যার কারণে সাধারণত অপ্রাপ্তবয়স্কের স্বাস্থ্য বা বিকাশের গুরুতর ক্ষতি হয়। অবহেলা গর্ভাবস্থাতে ঘটতে পারে, উদাহরণস্বরূপ, মায়েদের মাদক পদার্থ ব্যবহারের ফলে। অপ্রাপ্তবয়স্কের জন্মের পরে, মা-বাবা বা পরিচর্যাকারীর এইগুলি দিতে ব্যর্থতা: পর্যাপ্ত খাবার, পোশাক এবং আশ্রয় (বাড়ি থেকে বের করে বা তাড়িয়ে দেওয়া সমেত) দেওয়া; শারীরিক ও আবেগজনিত ক্ষতি বা বিপদ থেকে অপ্রাপ্তবয়স্ককে রক্ষা করা; যথাযথ তত্ত্বাবধান নিশ্চিত করা (অপর্যাপ্ত পরিচর্যাকারী রাখা সমেত); অথবা উপযুক্ত চিকিৎসা সেবা বা চিকিৎসা নিশ্চিত করায় ব্যর্থ হওয়ার কারণে অবহেলিত হতে পারে। এর মধ্যে অপ্রাপ্তবয়স্কর মৌলিক আবেগজনিত চাহিদার অবহেলা করা, বা পরোয়া না করাও অন্তর্ভুক্ত হতে পারে।

## সুরক্ষা সংক্রান্ত সমস্যা

31. **সমস্ত** কর্মীদের এমন সুরক্ষা সংক্রান্ত সমস্যা সম্পর্কে সচেতন থাকা উচিত যেখানে অপ্রাপ্তবয়স্কদের ক্ষতির ঝুঁকি থাকতে পারে। মাদক গ্রহণ,ও/বা অ্যালকোহলের অপব্যবহার, ইচ্ছাকৃতভাবে শিক্ষায় ফাঁকি, গুরুতর সহিংসতা (মাদক বা ড্রাগ পাচারের সাথে যুক্ত ঘটনা সহ), মৌলবাদ এবং সম্মতি নিয়ে এবং বিনা সম্মতিতে নগ্ন বা অর্ধনগ্ন ছবি এবং/অথবা ভিডিও[8] ভাগ করার মত বিষয়ের সাথে যুক্ত আচরণও অপ্রাপ্তবয়স্কদের বিপদাশঙ্কার লক্ষণের মধ্যে অন্তর্ভুক্ত। নীচে সুরক্ষা সংক্রান্ত কিছু সমস্যা জানানো হয়েছে যা সমস্ত কর্মীদের জানা উচিত: **এই সুরক্ষা সংক্রান্ত বিষয়গুলির অতিরিক্ত তথ্য এবং অন্যান্য সুরক্ষা সংক্রান্ত বিষয়গুলি B পরিশিষ্টতে অন্তর্ভুক্ত করা হয়েছে।**

### অপ্রাপ্তবয়স্কের দ্বারা অপ্রাপ্তবয়স্কের লাঞ্ছনা

32. **সমস্ত** কর্মীদের সচেতন হওয়া উচিত যে অপ্রাপ্তবয়স্করা অন্য অপ্রাপ্তবয়স্কদের (প্রায়ই অপ্রাপ্তবয়স্কর দ্বারা অপ্রাপ্তবয়স্ক নির্যাতন হিসাবে উল্লেখ করা হয়) লাঞ্ছনা করতে পারে এবং এটি স্কুল বা কলেজের ভিতরে এবং বাইরে এবং অনলাইন উভয় ক্ষেত্রেই ঘটতে পারে। **সমস্ত** কর্মীদের অপ্রাপ্তবয়স্কের দ্বারা অপ্রাপ্তবয়স্কের লাঞ্ছনার বিষয়ে স্কুল বা কলেজের নীতি এবং পদ্ধতির ব্যাপারে এবং এটি প্রতিরোধে তাদের যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে এবং যেখানেই তাদের মনে হবে যে কোনো অপ্রাপ্তবয়স্কের তেমন ঝুঁকি রয়েছে সেখানেই ব্যবস্থা নিতে হবে সে বিষয়ে স্পষ্ট জ্ঞান থাকা উচিত।

33. **সমস্ত** কর্মীদের বোঝা উচিত, তাদের স্কুল বা কলেজে কোন রিপোর্ট না থাকলেও এর মানে এই নয় যে তেমন কিছু ঘটছে না, হতে পারে যে তার রিপোর্ট করা হচ্ছে না। তাই অপ্রাপ্তবয়স্কের দ্বারা অপ্রাপ্তবয়স্কের লাঞ্ছনার ব্যাপারে কর্মীদের **কোন** উদ্বেগ থাকলে তাদের মনোনীত সেফগার্ডিং লীড (বা ডেপুটির) সাথে কথা বলা উচিত।

34. **সমস্ত** কর্মীকে অপ্রাপ্তবয়স্কদের পরস্পরের মধ্যে অনুপযুক্ত আচরণের গুরুত্ব অবশ্যই বুঝতে হবে, যার মধ্যে অনেকগুলি নীচে তালিকাভুক্ত করা হয়েছে যা মূলত লাঞ্ছনাকর। কিছু আচরণকে হালকাভাবে নেওয়া, যেমন যৌন লাঞ্ছনাকে "কেবল ঠাট্টা", "একটু হাসাহাসি করা", "বড় হওয়ার সময় ওসব হয়" বা "ছেলেরা এসব করেই" বলে উড়িয়ে দিলে তার ফলে অপ্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে অনস্বীকার্য আচরণের অভ্যাস এবং অনিরাপদ পরিবেশ সৃষ্টি হতে পারে আর গুরুতর পরিস্থিতিতে, এমন এক সংস্কৃতি তৈরি হতে পারে যা লাঞ্ছনাকে স্বাভাবিক দেখায়, যার ফলে অপ্রাপ্তবয়স্করা একে স্বাভাবিক হিসাবে মেনে নিয়ে রিপোর্ট করতে এগিয়ে আসে না।

35. অপ্রাপ্তবয়স্কের দ্বারা অপ্রাপ্তবয়স্কের প্রতি লাঞ্ছনার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত তবে এর মধ্যে সীমিত নয়:

---

[8] **পরস্পর সম্মতি** নিয়ে ছবি ভাগ করলে, বিশেষত তা একই বয়সের বড় অপ্রাপ্তবয়স্কদের মধ্যে হলে, ভিন্ন প্রতিক্রিয়ার প্রয়োজন হতে পারে। এটি লাঞ্ছনা নাও হতে পারে– কিন্তু অপ্রাপ্তবয়স্কদের জেনে রাখা দরকার যে তা অবৈধ– আর পরস্পর সম্মতিসূচক না হলে তা অবৈধ এবং লাঞ্ছনাকর। UKCIS নগ্ন এবং অর্ধনগ্ন ছবি এবং ভিডিও ভাগ করার বিষয়ে বিশদে পরামর্শ দেয়।

- উৎপীড়ন বা শাসানি (যার মধ্যে সাইবার বুলিং, পক্ষপাতদুষ্ট এবং বৈষম্যমূলক শাসানিও রয়েছে)
- অপ্রাপ্তবয়স্কদের মধ্যে অন্তরঙ্গ ব্যক্তিগত সম্পর্কে লাঞ্ছনা (কখনও কখনও 'কিশোর সম্পর্কের লাঞ্ছনা' নামে পরিচিত)
- শারীরিক লাঞ্ছনা, যেমন মারা, লাথি মারা, ঝাঁকানো, কামড়ানো, চুল টানা, বা অন্যভাবে শারীরিক ক্ষতি করা (এতে অনলাইনেও কিছু করা হতে পারে যা শারীরিক নির্যাতন সহজ করে, এমন নির্যাতনের হুমকি দেয় এবং/অথবা উৎসাহিত করে)
- যৌন সহিংসতা,[9] যেমন ধর্ষণ, যৌনাঙ্গে ঢুকিয়ে নিপীড়ন এবং যৌন নিপীড়ন; (এতে অনলাইনেরউপাদানও থাকতে পারে যা যৌন নির্যাতনে সহায়ক, এমন নির্যাতনের হুমকি দেয় এবং/অথবা এতে উৎসাহিত করে)
- যৌন হয়রানি,[10] যেমন যৌনরসাত্মক মন্তব্য, কটূক্তি, রসিকতা এবং অনলাইন যৌন হয়রানি, যেগুলি আলাদা করে করা যায় অথবা বৃহত্তর লাঞ্ছনার ধাঁচের একটি অংশ হতে পারে
- সম্মতি ছাড়া কাউকে যৌন কাজে লিপ্ত করা, যেমন কাপড় খুলতে বাধ্য করা, পরস্পরকে যৌন উদ্দেশ্যে স্পর্শ করা বা তৃতীয় পক্ষের সাথে যৌন কাজে লিপ্ত হওয়া
- সম্মতি নিয়ে বা ছাড়াই নগ্ন এবং অর্ধনগ্ন ছবি এবং/অথবা ভিডিও ভাগ করা[11] (সেক্সটিং বা তরুণদের নির্মিত যৌন চিত্র হিসাবেও পরিচিত)
- আপস্কার্টিং[12], যার মধ্যে সাধারণত জননেন্দ্রিয় বা নিতম্ব দেখার উদ্দেশ্যে, যৌন পরিতৃপ্তি লাভ করতে অথবা ভুক্তভোগী ব্যক্তিকে অপমানিত করা, মর্মপীড়া দেওয়া বা ভীতি প্রদর্শনের উদ্দেশ্যে কারও পোশাকের তলা দিয়ে তার অনুমতি না নিয়ে ছবি তোলা অন্তর্ভুক্ত এবং
- ইনিশিয়েশন/হেজিং টাইপের হিংসা এবং আচারবিধি অন্তর্ভুক্ত (এতে হয়রানি, লাঞ্ছনা বা অবমাননামূলক কাজ জড়িত থাকতে পারে যা কোনও ব্যক্তিকে কোনো গোষ্ঠীতে আনার উপায় হিসাবে ব্যবহৃত হয় এবং এতে অনলাইনের উপাদান অন্তর্ভুক্ত থাকতে পারে)।

## চাইল্ড ক্রিমিনাল এক্সপ্লয়েটেশন অর্থাৎ অপ্রাপ্তবয়স্কের অপরাধমূলক শোষণ (CCE) এবং চাইল্ড সেক্সুয়াল এক্সপ্লয়টেশন অর্থাৎ অপ্রাপ্তবয়স্কের যৌন শোষণ (CSE)

36. CCE এবং CSE উভয়ই এমন লাঞ্ছনার ঘটনা যেখানে কেউ বা কোনো দল অসম ক্ষমতার সুযোগ নিয়ে কোনো অপ্রাপ্তবয়স্ককে তার কোনো চাহিদা বা আকাঙ্ক্ষা পূরণের এবং/অথবা আর্থিক সুবিধা দেওয়ার বিনিময়ে কিম্বা অপরাধী বা শিকারীর মর্যাদা বৃদ্ধির মর্মে এবং/অথবা হিংসার মাধ্যমে বা হিংসাত্মক কিছু করার হুমকি দেওয়ার মাধ্যমে তাকে জোর করে, বিপথে চালিত করে বা ঠকিয়ে যৌন বা অপরাধমূলক ক্রিয়াকলাপে অংশ নেওয়ায় বাধ্য করে। CSE এবং CCE ছেলেমেয়ে উভয়

---

[9] যৌন নির্যাতন সম্বন্ধে অতিরিক্ত তথ্যের জন্য ভাগ 5 এবং পরিশিষ্ট B দেখুন।

[10] যৌন লাঞ্ছনা সম্বন্ধে অতিরিক্ত তথ্যের জন্য ভাগ 5 পরিশিষ্ট B দেখুন।

[11] UKCIS নির্দেশিকা: Sharing nudes and semi-nudes advice for education settings (শিক্ষার সেটিংসে নগ্ন এবং অর্ধনগ্ন জিনিস ভাগ করা সম্পর্কে পরামর্শ)

[12] আপস্কার্টিং সম্বন্ধে অতিরিক্ত তথ্যের জন্য পরিশিষ্ট B দেখুন।

অপ্রাপ্তবয়স্কদেরই প্রভাবিত করতে পারে এবং শোষণের উদ্দেশ্যে যেসব অপ্রাপ্তবয়স্ককে সরানো হয়েছে (একে সাধারণত পাচার বলে) তারাও অন্তর্ভুক্ত থাকতে পারে।

### অপ্রাপ্তবয়স্কদের অপরাধমূলক শোষণ (CCE)

37. CCE'র কিছু নির্দিষ্ট প্রকারের মধ্যে অপ্রাপ্তবয়স্কদের বিপথে চালিত করে বা জোর করে মাদক পাচারচক্রের মাধ্যমে মাদক বা অর্থ নিয়ে যাওয়ার কাজ করানো, গাঁজার কারখানায় কাজ করানো, দোকান লুট বা পকেটমারি করানো অন্তর্ভুক্ত হতে পারে। বিপথে চালিত করে বা জোর করে তাদের দিয়ে গাড়ি সংক্রান্ত নানা অপরাধ অথবা অন্যদের হুমকি/অন্যদের প্রতি গুরুতর হিংসাত্মক কিছু করানো হতে পারে।

38. অপ্রাপ্তবয়স্করা এই ধরনের শোষণে আটকে পড়তে পারে কারণ অপরাধীরা ভুক্তভোগীদেরকে (এবং তাদের পরিবারকে) হিংসাত্মক কোনো হুমকি দিতে পারে, অথবা তাদের দেনার ফাঁদে ফেলতে বা ফাঁদে পড়তে বাধ্য করতে পারে। অন্যরা যাতে ক্ষতি করতে না পারে তাই আত্মরক্ষার জন্য তারা ছুরির মত কোনো অস্ত্র সঙ্গে রাখা শুরু করতে পারে বা তাদের রাখতে বাধ্য করা হতে পারে। অপরাধমূলক শোষণের সাথে জড়িত অপ্রাপ্তবয়স্করা প্রায়শই নিজেরা অপরাধ করলেও, ভুক্তভোগী হিসেবে তাদের দুর্বলতার দিকটা সবসময় প্রাপ্তবয়স্ক এবং পেশাদাররা (বিশেষ করে বড় অপ্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে) দেখেন না এবং তারা নিজেরা ক্ষতিগ্রস্ত হলেও তাদের ভুক্তভোগী হিসাবে গণ্য করা হয় না। কোনো কাজে তাদের সম্মতি বা সায় রয়েছে মনে হলেও তারা নিজেরাই অপরাধমূলক শোষণের শিকার হতে পারে।

39. মনে রাখা দরকার যে যেসব মেয়েরা অপরাধমূলক শোষণের শিকার হয় তাদের অভিজ্ঞতা ছেলেদের থেকে অনেকটাই আলাদা হতে পারে। সব লক্ষণ এক নাও হতে পারে, তবে পেশাদারদের সচেতন থাকা উচিত যে মেয়েদেরও অপরাধমূলক শোষণের ঝুঁকি রয়েছে। এটাও খেয়াল রাখা দরকার যে ছেলে-মেয়ে উভয়ই অপরাধমূলক শোষণের শিকার হলে তাদের যৌন শোষণের শিকার হওয়ার ঝুঁকি বেশি থাকে।

### অপ্রাপ্তবয়স্কদের যৌন শোষণ (CSE)

40. CSE অপ্রাপ্তবয়স্কদের যৌন লাঞ্ছনার একটি প্রকারভেদ। যৌন কাজের মধ্যে ভিতরে ঢুকিয়ে লাঞ্ছনার (উদাহরণস্বরূপ, ধর্ষণ বা মৌখিক যৌনসঙ্গম) মত শারীরিক সংস্পর্শ বা হস্তমৈথুন, চুম্বন, ঘষা এবং কাপড়ের বাইরে স্পর্শ করার মতো না ঢোকানোর মত কাজও অন্তর্ভুক্ত থাকতে পারে। এর মধ্যে স্পর্শ বিহীন কাজ, যেমন অপ্রাপ্তবয়স্কদের যৌন ছবি বা যৌন কার্যকলাপ দেখতে বাধ্য করা বা ঐসব যৌন ছবি তৈরির কাজে জড়ানো, অপ্রাপ্তবয়স্কদের অনাকাঙ্ক্ষিত যৌনাচরণে উৎসাহিত করা বা ইন্টারনেটের মাধ্যম সমেত, লাঞ্ছনার মহড়া হিসেবে কোন অপ্রাপ্তবয়স্ককে কিছু শেখানোও অন্তর্ভুক্ত থাকতে পারে।

41. CSE বারবার বা একবার ঘটতে পারে এবং অপ্রাপ্তবয়স্কের তাৎক্ষণিক জ্ঞান ছাড়াই ঘটতে পারে, যেমন অন্যরা সোশ্যাল মিডিয়ায় তাদের ভিডিও বা ছবি দিতে পারে।

42. CSE এমন যে কোনো অপ্রাপ্তবয়স্কের সাথে হতে পারে, যাকে যৌন কাজে জড়াতে বাধ্য করা হয়েছে। এর মধ্যে 16 এবং 17 বছর বয়সীরাও রয়েছে যারা আইনত যৌনসঙ্গমে সম্মতি দিতে পারে। কিছু অপ্রাপ্তবয়স্ক বুঝতে পারে না যে তারা শোষিত হচ্ছে, ভাবতে পারে যে তারা সত্যিই রোমান্টিক সম্পর্কে রয়েছে।

## পারিবারিক লাঞ্ছনা

43. পারিবারিক লাঞ্ছনার মধ্যে বহু বিভিন্ন ধরনের আচরণ অন্তর্ভুক্ত থাকতে পারে এবং এটি একটি একক ঘটনা বা ঘটনার একটি প্যাটার্ন হতে পারে। এই ধরনের লাঞ্ছনা মানসিক, শারীরিক, যৌন, আর্থিক বা মানসিক হতে পারে তবে তাতেই সীমাবদ্ধ নয়। অপ্রাপ্তবয়স্করা পারিবারিক লাঞ্ছনার শিকার হতে পারে। তারা বাড়িতে লাঞ্ছনার প্রভাব দেখতে, শুনতে বা অনুভব করতে পারে এবং/অথবা তাদের নিজেদের অন্তরঙ্গ সম্পর্কের (কিশোর সম্পর্কের লাঞ্ছনার) মধ্যে পারিবারিক লাঞ্ছনার শিকার হতে পারে। এ সবই তাদের স্বাস্থ্য, সুস্থতা, বিকাশ এবং শেখার ক্ষমতার উপর ক্ষতিকর এবং দীর্ঘমেয়াদী প্রভাব ফেলতে পারে।

## স্ত্রী যৌনাঙ্গ ছেদন (FGM)

44. স্ত্রী যৌনাঙ্গ ছেদন (FGM) সম্পর্কে যে কোনো উদ্বেগের বিষয়ে **সকল** কর্মীদের মনোনীত সেফগার্ডিং লীড (বা ডেপুটিকে) এর সাথে কথা বলা উচিত, **শিক্ষকদেরও নির্দিষ্ট আইনি** দায়িত্ব রয়েছে।[13] কোন শিক্ষক শিক্ষিকার পেশায় কর্মরতকালে যদি জানতে পারেন যে কোন 18 বছরের কম বয়সী মেয়ের FGM করা হয়েছে, তাহলে শিক্ষককে **অবশ্যই** পুলিশের কাছে তার রিপোর্ট করতে হবে। আরও তথ্যের জন্য 154 পৃষ্ঠা দেখুন।

## মানসিক স্বাস্থ্য

45. **সমস্ত** কর্মীদের এ বিষয়ে সচেতন থাকা উচিত যে মানসিক স্বাস্থ্য সমস্যাগুলি, কিছু ক্ষেত্রে, অপ্রাপ্তবয়স্ক যে লাঞ্ছনা, অবহেলা বা শোষণের শিকার হয়েছে বা ঝুঁকিতে রয়েছে তার একটি লক্ষণ হতে পারে।

46. মানসিক স্বাস্থ্য সমস্যা নির্ণয়ের জন্য কেবল উপযুক্ত প্রশিক্ষিত ব্যক্তিদেরই চেষ্টা করা উচিত। অবশ্য অপ্রাপ্তবয়স্কদের প্রতিদিন পর্যবেক্ষণ করার জন্য এবং যাদের আচরণ থেকে বোঝা যায় যে তারা কোনও মানসিক স্বাস্থ্য সমস্যা ভুগতে পারে বা তাদের মানসিক স্বাস্থ্য সমস্যার সম্মুখীন হওয়ার ঝুঁকি থাকতে পারে তাদের প্রত্যক্ষ করার উপযুক্ত জায়গায় শিক্ষাকর্মীরা আছেন। অতিরিক্ত মানসিক স্বাস্থ্যজনিত সহায়তার প্রয়োজনসহ অপ্রাপ্তবয়স্কদের শনাক্ত করতে, স্কুল ও কলেজ বিভিন্ন পরামর্শ পেতে পারে, এর মধ্যে বাইরের সংস্থার সাথে কাজ করাও অন্তর্ভুক্ত।

47. কর্মীদের যদি কোনও অপ্রাপ্তবয়স্কের সম্পর্কে মানসিক স্বাস্থ্যজনিত উদ্বেগ থাকে যা একটি সুরক্ষাজনিত উদ্বেগও বটে, তাহলে তাদের স্কুল বা কলেজের অপ্রাপ্তবয়স্ক সুরক্ষা নীতি অনুসরণ করে এবং মনোনীত সেফগার্ডিং লীড বা ডেপুটির সাথে কথা বলে অবিলম্বে ব্যবস্থা নেওয়া উচিত।

## গুরুতর হিংসা

48. **সকল** কর্মীদেরই সেই সব লক্ষণ সম্বন্ধে সচেতন থাকা উচিত, যেগুলি দেখে বোঝা যায় যে অপ্রাপ্তবয়স্করা কোনও মারাত্মক অপরাধের সাথে যুক্ত অথবা তার শিকার হওয়ার ঝুঁকি আছে।

---

[13] মহিলা যৌনাঙ্গ ছেদন আইন 2003 এর ধারা 5B(11)(a)-র অধীনে ইংল্যান্ডের ক্ষেত্রে "শিক্ষক"বা শিক্ষিকা অর্থ, শিক্ষা আইন অর্থাৎ এডুকেশন অ্যাক্ট 2002 এর ধারা 141A(1) এর অধীনে থাকা ব্যক্তি (ইংল্যান্ডে স্কুলে এবং অন্যান্য প্রতিষ্ঠানগুলিতে শিক্ষণ কাজ চালিয়ে যাওয়ার কাজে নিয়োগ করা বা জড়িত ব্যক্তি)।

সূচকগুলির মধ্যে থাকতে পারে ক্রমশ স্কুল বা কলেজ কামাই, বন্ধুবৃত্তের পরিবর্তন অথবা বেশী বয়েসের মানুষ বা গোষ্ঠীর সাথে সম্পর্ক, শিক্ষাগত কর্মক্ষমতায় গুরুতর অবনতি, নিজের ক্ষতিসাধন করার ইঙ্গিত অথবা শরীর-স্বাস্থ্যের লক্ষণীয় পরিবর্তন, অথবা শরীরে অব্যাখ্যাত আঘাত বা জখমের চিহ্ন। অব্যাখ্যাকৃত উপহার অথবা নতুন নতুন জিনিস রাখাও এই বিষয়ে দিকনির্দেশ করতে পারে যে অপ্রাপ্তবয়স্কদের সাথে এমন কিছু মানুষের যোগাযোগ হচ্ছে অথবা মেলামেশা হচ্ছে, যারা অপরাধ চক্র বা দলের সাথে যুক্ত এবং অপরাধমূলক শোষণের ঝুঁকি আছে।

### অতিরিক্ত তথ্য ও সহায়তা

49. বিভাগীয় পরামর্শ What to Do if You Are Worried a Child is Being Abused – Advice for Practitioners (আপনি যদি চিন্তিত থাকেন যে কোনও অপ্রাপ্তবয়স্ককে লাঞ্ছনা করা হচ্ছে তাহলে কি করবেন – অনুশীলনকারীদের জন্য পরামর্শ)-তে লাঞ্ছনা এবং অবহেলা বোঝা ও শনাক্তকরণ সম্পর্কে আরও তথ্য আছে। লাঞ্ছনা ও উপেক্ষার সম্ভাব্য আভাসগুলির উদাহরণগুলি ঐ পরামর্শে সর্বত্র হাইলাইট করা হয়েছে আর স্কুল এবং কলেজের কর্মীদের জন্য এটি বিশেষভাবে সহায়ক হবে। NSPCC ওয়েবসাইটে লাঞ্ছনা ও অবহেলা এবং কোন দিকে নজর রাখতে হবে সে বিষয়ে উপযোগী অতিরিক্ত তথ্য রয়েছে।

50. **পরিশিষ্ট B-তে নির্দিষ্ট ধরণের লাঞ্ছনা এবং সুরক্ষা সমস্যা সম্পর্কে অতিরিক্ত তথ্য রয়েছে। স্কুল এবং কলেজের নেতারা এবং যে সব কর্মীরা সরাসরি অপ্রাপ্তবয়স্কদের সাথে কাজ করেন, তাদের পরিশিষ্ট B পড়া উচিত।**

## কোনও অপ্রাপ্তবয়স্কর সম্পর্কে উদ্বেগ থাকলে স্কুল এবং কলেজের কর্মীদের কি করা উচিত

51. সুরক্ষা ব্যবস্থার ক্ষেত্রে অপ্রাপ্তবয়স্কদের সাথে কাজ করছেন এমন কর্মীকে **'এখানে ঘটতে পারে'** এমন মনোভাব রাখার পরামর্শ দেওয়া হয়। অপ্রাপ্তবয়স্কের কল্যাণের বিষয়ে উদ্বিগ্ন হলে, কর্মীদের সবসময় অপ্রাপ্তবয়স্কদের **সেরা স্বার্থে** কাজ করা উচিত।

52. কোনও অপ্রাপ্তবয়স্কের কল্যাণ সম্পর্কে কর্মীদের **কোন উদ্বেগ** থাকলে তাদের **অবিলম্বে** পদক্ষেপ নেওয়া উচিত। কোনওঅপ্রাপ্তবয়স্ক সম্পর্কে কর্মীদের উদ্বেগ থাকলে তখন তাদের কি করা উচিত তা জানতে 22 নম্বর পাতার ফ্লো চার্ট দেখুন।

53. কর্মীদের কোনও উদ্বেগ থাকলে তাদের নিজস্ব সংস্থার অপ্রাপ্তবয়স্ক সুরক্ষা নীতি অনুসরণ করা উচিত এবং মনোনীত সেফগার্ডিং লীডের (বা ডেপুটির) সাথে কথা বলা উচিত।

54. তারপর বিকল্পগুলিতে থাকবে:

- স্কুল বা কলেজের নিজস্ব ব্যক্তিগত সহায়তা প্রদান প্রক্রিয়ার মাধ্যমে অভ্যন্তরীণভাবে অপ্রাপ্তবয়স্ককে সহায়তা দেওয়া

- শীঘ্র সাহায্যের মূল্যায়ন করা,[14] অথবা
- বিধিবদ্ধ পরিষেবাগুলির কাছে এইগুলির জন্য একটি রেফারেল করা,[15] যেমন, অপ্রাপ্তবয়স্কের যা প্রয়োজন হতে পারে, প্রয়োজন আছে বা কোনও কিছুতে ভুগছে বা ভোগার সম্ভাবনা রয়েছে।

55. মনোনীত সেফগার্ডি লীডের (বা ডেপুটির) সুরক্ষা ব্যবস্থা সংক্রান্ত আলোচনা করার জন্য সবসময় উপলভ্য থাকা উচিত। ব্যতিক্রমী পরিস্থিতিতে, মনোনীত সেফগার্ডি লীডকে (বা ডেপুটিকে) পাওয়া না গেলে সেই কারণে যথাযথ পদক্ষেপ নিতে দেরি করা উচিত নয়। কর্মীদের ঊর্ধ্বতন নেতৃত্ব দলের সদস্যের সাথে কথা বলা উচিত এবং/অথবা লোকাল অথরিটির চিল্ড্রেনস সোশ্যাল কেয়ারের সাথে পরামর্শ নেওয়া উচিত। এই রকম পরিস্থিতিতে নেওয়া যে কোন পদক্ষেপ বাস্তবত যতটা তাড়াতাড়ি সম্ভব মনোনীত সেফগার্ডিং লীডকে (বা ডেপুটিকে) জানানো উচিত।

56. কোনও কর্মীর মনে করা উচিত না যে সহকর্মী বা অন্য কোন পেশাদার পদক্ষেপ নেবে এবং অপ্রাপ্তবয়স্ককে সুরক্ষিত রাখতে গুরুত্বপূর্ণ হতে পারে এমন তথ্য তাদের সাথে ভাগ করা উচিত। তাদের মনে রাখা উচিত যে এই সমস্যাগুলি প্রথম দেখা দেওয়ামাত্র বা সেই অপ্রাপ্তবয়স্ক ইতিমধ্যেই লোকাল অথরিটির চিল্ড্রেনস সোশ্যাল কেয়ারের পরিচিত হওয়া নির্বিশেষে (যেমন অভাবগ্রস্ত অপ্রাপ্তবয়স্ক বা সুরক্ষা পরিকল্পনাপ্রাপ্ত অপ্রাপ্তবয়স্ক) যথাশীঘ্র তথ্য জানানো কার্যকর শনাক্তকরণ, মূল্যায়ন এবং যথাযথ পরিষেবা বরাদ্দ করে দেওয়ার জন্য অপরিহার্য। Information sharing: Advice for Practitioners Providing Safeguarding Services to Children, Young People, Parents and Carers (তথ্য ভাগ করা: প্রাপ্তবয়স্ক, তরুণ, মা-বাবা এবং পরিচর্যাকারীদের সুরক্ষা ব্যবস্থার পরিষেবা সরবরাহকারী অনুশীলনকারীদের জন্য পরামর্শ) এমন কর্মীদের সমর্থন করে যাদের তথ্য ভাগ করার বিষয়ে সিদ্ধান্ত নিতে হয়। ডেটা প্রোটেকশন অ্যাক্ট 2018 (DPA) এবং UK জেনারেল ডেটা প্রোটেকশন রেগুলেশন (UK GDPR) সম্পর্কিত তথ্য ভাগ করা এবং বিবেচনা করার ভিত্তিতে এই পরামর্শে সাতটি সুবর্ণ নিয়ম রাখা হয়েছে।

---

[14] শীঘ্র সাহায্যের মূল্যায়ন, শীঘ্র সাহায্যের পরিষেবাগুলির দিকসমূহ এবং পরিষেবাগুলি অ্যাক্সেস করার বিষয়ে আরও তথ্য Working Together to Safeguard Children (অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা)-এর অধ্যায় 1-এ রয়েছে।

[15] Working Together to Safeguard Children (অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা) -এর অধ্যায় 1-এ বলা হয়েছে যে সুরক্ষা ব্যবস্থার অংশীদারদের একটি সীমারেখার নথি প্রকাশ করা উচিত যাতে চাহিদা স্তর সহ মাপদণ্ড থাকবে, ধারা 17 এবং 47 অনুসারে মূল্যায়ন এবং বিধিবদ্ধ পরিষেবাগুলির জন্য কখন লোকাল অথরিটির চিল্ড্রেনস সোশাল কেয়ারে কেস রেফার করা উচিত সেসব উল্লেখ করা উচিত। স্থানীয় কর্তৃপক্ষের, সহযোগীদের সাথে, মূল্যায়নের স্থানীয় প্রোটোকলের বিকাশ এবং প্রকাশ করা উচিত। লোকাল অথরিটির চিল্ড্রেনস সোশাল কেয়ারের কাছে কোনও অপ্রাপ্তবয়স্ককে রেফার করার পর কেসগুলি কিভাবে পরিচালিত হবে তার সুস্পষ্ট ব্যবস্থা একটি স্থানীয় প্রোটোকলে করা উচিত।

57. **DPA এবং UK GDPR অপ্রাপ্তবয়স্কদের নিরাপদ রাখা এবং তাদের কল্যাণার্থে তথ্য ভাগ করায় বাধা দেয় না।** তথ্য জানানোর বিষয়ে কোনও সন্দেহ থাকলে কর্মীর মনোনীত সেফগার্ডিং লীডের (বা ডেপুটির) সাথে কথা বলা উচিত। তথ্য জানানোর বিষয়ে আশঙ্কা যেন অপ্রাপ্তবয়স্কদের কল্যাণ রক্ষা এবং নিরাপদ রাখার প্রয়োজনীয়তার পথে কখনো বাধা হয়ে **না** দাঁড়ায়।

## শীঘ্র সাহায্যের মূল্যায়ন

58. শীঘ্র সাহায্য যথাযথ হলে মনোনীত সেফগার্ডিং লীড (বা ডেপুটি) সাধারণত অন্যান্য সংস্থার সাথে সংযোগ স্থাপন এবং দরকার মত আন্তঃসংস্থার মূল্যায়ন করবেন। শীঘ্র সাহায্য মূল্যায়নে, কিছু ক্ষেত্রে প্রধান অনুশীলনকারী হিসাবে কাজ করে, কর্মীদের হয়ত অন্য এজেন্সি এবং পেশাদারদের সহায়তা করতে হতে পারে। অপ্রাপ্তবয়স্কদের অবস্থার উন্নতি না হলে বা খারাপ হচ্ছে বলে মনে হলে বিধিবদ্ধ পরিষেবার জন্য লোকাল অথরিটির চিল্ড্রেনস সোশ্যাল কেয়ারেরকাছে রেফার করা এই ধরনের যে কোনও কেস নিয়মিত পর্যালোচনা এবং বিবেচনার অধীনে রাখা উচিত।

## অপ্রাপ্তবয়স্কদের বিধিবদ্ধ সোশাল কেয়ারের মূল্যায়ন এবং পরিষেবা

59. **যখন কোনও অপ্রাপ্তবয়স্ক ক্ষতিগ্রস্ত হয় ও ভোগে, বা ভোগার সম্ভাবনা বেশি থাকে, তখন লোকাল অথরিটির চিলড্রেনস সোশ্যাল কেয়ারকে অবিলম্বে তা (এবং উপযুক্ত হলে পুলিশকেও) জানানো গুরুত্বপূর্ণ।** রেফারেলের ক্ষেত্রে স্থানীয় রেফারেল প্রক্রিয়া অনুসরণ করা উচিত।

60. লোকাল অথরিটির চিল্ড্রেনস সোশ্যাল কেয়ার মূল্যায়নে বাড়ির বাইরে অপ্রাপ্তবয়স্কদের ক্ষতি করা হচ্ছে কিনা সেসব বিবেচনা করা উচিত আর তাই স্কুল এবং কলেজগুলির রেফারেল প্রক্রিয়ার অংশ হিসেবে যত বেশি সম্ভব তথ্য দেওয়া উচিত। এর ফলে যে কোনও মূল্যায়নে সমস্ত উপলভ্য সাক্ষ্যপ্রমাণ বিবেচনা করার সুযোগ থাকবে এবং এই ধরনের ক্ষতির মোকাবিলায় প্রাসঙ্গিক পদ্ধতি নেওয়া যাবে। এখানে অতিরিক্ত তথ্য পাবেন: Contextual Safeguarding (প্রাসঙ্গিক সুরক্ষা ব্যবস্থা)।

61. Report Child Abuse to Your Local Council (আপনার স্থানীয় কাউন্সিলে অপ্রাপ্তবয়স্ক লাঞ্ছনার রিপোর্ট করুন অনলাইন টুল প্রাসঙ্গিক লোকাল অথরিটির চিল্ড্রেনস সোশাল কেয়ার নম্বরে যোগাযোগ করিয়ে দেয়।

### অসহায় অপ্রাপ্তবয়স্ক

62. চিলড্রেন অ্যাক্ট 1989 এর অধীনে পরিষেবাগুলি না পেলে যে অপ্রাপ্তবয়স্কের স্বাস্থ্যের বা বিকাশের যুক্তিসঙ্গত স্তরে পৌঁছানোর বা ঐ স্তর বজায় রাখার সম্ভাবনা কম অথবা তার স্বাস্থ্য ও বিকাশ যথেষ্ট বা আরও ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে; বা যে অপ্রাপ্তবয়স্ক বিকলাঙ্গ তাকে অসহায় অপ্রাপ্তবয়স্ক বলে। অসহায় অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষা ব্যবস্থায় এবং তাদের কল্যাণ রক্ষার্থে তাদের পরিষেবা প্রদান করতে স্থানীয় কর্তৃপক্ষবাধ্য। চিলড্রেন অ্যাক্ট 1989 এর ধারা 17-র অধীনে অসহায় অপ্রাপ্তবয়স্কর মূল্যায়ন করা যেতে পারে।

### যে সব অপ্রাপ্তবয়স্করা ভুগছে বা যথেষ্ট ভোগার সম্ভাবনা আছে:

63. দরকার মত, অন্যান্য সংস্থার সাহায্যে চিলড্রেন অ্যাক্ট 1989 এর ধারা 47 এর অধীনে স্থানীয় কর্তৃপক্ষের অনুসন্ধান করার দায়িত্ব রয়েছে, যদি কোনও অপ্রাপ্তবয়স্কের গুরুতর ক্ষতি হয়েছে অথবা ক্ষতি হওয়ার সম্ভাবনা আছে বলে মনে হওয়ার যুক্তিসঙ্গত কারণ তাদের কাছে থাকে। এই ধরনের জিজ্ঞাসাবাদ তাদের এই সিদ্ধান্ত নিতে সাহায্য করে যে দুর্ব্যবহার নিয়ে দুশ্চিন্তা থাকলে তাদের

অপ্রাপ্তবয়স্কর কল্যাণ এবং অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষিত রাখতে কোনও পদক্ষেপ নেওয়া উচিত কিনা। এর মধ্যে **সব** ধরনের লাঞ্ছনা এবং অবহেলা অন্তর্ভুক্ত।

### স্থানীয় কর্তৃপক্ষ কি করবে?

64. রেফারেল করার একদিনের মধ্যে, স্থানীয় কর্তৃপক্ষের একজন সমাজকর্মীকে রেফারারের কাছে সেই প্রাপ্তি স্বীকার করতে হবে এবং পরবর্তী পদক্ষেপ ও প্রয়োজনীয় প্রতিক্রিয়ার ধরন সম্পর্কে সিদ্ধান্ত নিতে হবে। এ ক্ষেত্রে নির্ধারণ করা হবে যে:

- অপ্রাপ্তবয়স্কের ক্ষেত্রে অবিলম্বে সুরক্ষা এবং জরুরি পদক্ষেপ প্রয়োজন কিনা
- অপ্রাপ্তবয়স্ক এবং পরিবারের কোন পরিষেবা এবং কী ধরণের পরিষেবা প্রয়োজন
- অপ্রাপ্তবয়স্কটি অসহায় কিনা, এবং চিলড্রেন অ্যাক্ট 1989 এর ধারা 17-র অধীনে তার মূল্যায়ন করা উচিত কিনা। Working Together to Safeguard Children (অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা)এর প্রথম অধ্যায়ে মূল্যায়ন প্রক্রিয়ার বিবরণ দেওয়া আছে
- অপ্রাপ্তবয়স্কটি ভুগছে বা যথেষ্ট ভোগার সম্ভাবনা আছে বলে সন্দেহ করার যুক্তিসঙ্গত কারণ রয়েছে কিনা, এবং তা অনুসন্ধান করা উচিত কিনা এবং চিলড্রেন অ্যাক্ট 1989 এর ধারা 47 এর অধীনে তার মূল্যায়ন করা হবে কিনা। Working Together to Safeguard Children (অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা)এর প্রথম অধ্যায়ে মূল্যায়ন প্রক্রিয়ার বিবরণ দেওয়া আছে এবং
- স্থানীয় কর্তৃপক্ষকে আর কোন পদক্ষেপ নিতে হবে তা নির্ধারণে সাহায্য করতে আরও বিশেষজ্ঞ দ্বারা মূল্যায়ন করতে হবে কিনা।

65. এই তথ্য সহজে না পাওয়া গেলে রেফারারের খোঁজ নিয়ে দেখা উচিত।

66. সমাজকর্মীরা একটি বিধিবদ্ধ মূল্যায়ন করার সিদ্ধান্ত নিলে সেই মূল্যায়নে সহায়তা করার জন্য কর্মীদের যতদূর সম্ভব সহযোগিতা করা উচিত (দরকার মত মনোনীত সেফগার্ডিং লীড (বা ডেপুটির) সহায়তায়)।

67. রেফারেলের পরে অপ্রাপ্তবয়স্কর অবস্থার উন্নতি হয়নি বলে মনে হলে, রেফারারের স্থানীয় স্তরে তৎপরতা বাড়ানোর পদ্ধতি অনুসরণ করার বিষয়ে বিবেচনা উচিত যাতে তাদের উদ্বেগগুলির বিষয়ে ব্যবস্থা নেওয়া হয় এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ, যাতে অপ্রাপ্তবয়স্কটির পরিস্থিতিতে উন্নতি হয়।

## রেকর্ড রাখা

68. **সমস্ত** উদ্বেগ, আলোচনা এবং নেওয়া সিদ্ধান্তগুলি এবং সেই সিদ্ধান্তগুলির কারণসমূহের লিখিত রেকর্ড থাকা উচিত। স্কুল বা কলেজের দ্বারা একটি কেস পরিচালনা করা সম্পর্কে যদি/যখন কোনও অভিযোগের প্রতিক্রিয়া জানাতে হয় তখনও এটি সাহায্য করবে। তথ্য গোপন রাখা এবং নিরাপদে সংরক্ষণ করা উচিত। প্রত্যেক অপ্রাপ্তবয়স্কের জন্য পৃথক অপ্রাপ্তবয়স্ক সুরক্ষা ফাইলে উদ্বেগ এবং রেফারেল রাখলে ভাল হয়।

রেকর্ডে এইগুলি অন্তর্ভুক্ত করা **উচিত**:

- সব উদ্বেগের পরিষ্কার এবং সম্যক সারসংক্ষেপ
- এই উদ্বেগগুলির জন্য কী ব্যবস্থা নেওয়া এবং সমাধান করা হয়েছে তার বিবরণ, এবং
- যে পদক্ষেপ, সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং পরিণতি হয়েছে সেসবের বর্ণনা।

69. রেকর্ড করার প্রয়োজনীয়তা সম্পর্কে সন্দেহ থাকলে কর্মীদের মনোনীত সেফগার্ডিং লীডের (বা ডেপুটির) সাথে আলোচনা করা উচিত।

## এসব কেন গুরুত্বপূর্ণ?

70. সুরক্ষাজনিত ঝুঁকি সামলাতে, সমস্যাগুলি যাতে না বাড়ে তা প্রতিরোধ করতে এবং অপ্রাপ্তবয়স্কদের হিতসাধন নিশ্চিত করতে সঠিক সময়ে অপ্রাপ্তবয়স্কদের সঠিক সাহায্য পাওয়া দরকার। গবেষণা এবং স্থানীয় সুরক্ষাব্যবস্থার পর্যালোচনা বারবার কার্যকর পদক্ষেপ নিতে ব্যর্থ হাওয়ার বিপদগুলি দেখিয়েছে[16]. স্থানীয় অপ্রাপ্তবয়স্ক সুরক্ষা অনুশীলন পর্যালোচনা সম্পর্কে আরও তথ্য Working Together to Safeguard Children (অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা) -এ পাবেন। ভুল অনুশীলনের উদাহরণগুলির মধ্যে রয়েছে:

- লাঞ্ছনা এবং অবহেলার প্রারম্ভিক লক্ষণে পদক্ষেপ নিতে ও রেফার করতে ব্যর্থ হওয়া
- ভাল করে রেকর্ড না রাখা
- অপ্রাপ্তবয়স্কের মতামতে কান না দেওয়া
- পরিস্থিতির উন্নতি না হলে উদ্বেগ পুনরায় মূল্যায়ন করতে ব্যর্থ হওয়া
- এজেন্সিদের নিজেদের মধ্যে এবং একে অপরের সাথে সঠিক ব্যক্তিদের সাথে তথ্য ভাগ না করা
- খুব ধীরে ধীরে তথ্য ভাগ করা এবং
- যারা পদক্ষেপ নিচ্ছে না বলে মনে হয় তাদেরকে প্রশ্ন না করা।

## স্কুল এবং কলেজের কর্মীদের অন্য সুরক্ষা সম্পর্কে উদ্বেগ থাকলে বা অন্য কর্মীসদস্যের বিরুদ্ধে অভিযোগ থাকলে কি করা উচিত

71. স্কুল এবং কলেজগুলিতে কর্মীসদস্যদের (সরবরাহ কর্মী, স্বেচ্ছাসেবক এবং ঠিকাদার সহ) নিয়ে **যে কোনও** সুরক্ষা সংক্রান্ত উদ্বেগ বা অভিযোগ (যত নগণ্য হোক না কেন) নিয়ন্ত্রণ করার প্রক্রিয়া এবং পদ্ধতি থাকা উচিত।

72. কোনো কর্মীর সুরক্ষা সংক্রান্ত কোনো চিন্তা থাকলে বা কর্মীদের অন্য একজন সদস্য (সরবরাহ কর্মী, স্বেচ্ছাসেবক এবং ঠিকাদার সহ) দ্বারা **অপ্রাপ্তবয়স্কের কোন ক্ষতি করার বা ক্ষতির ঝুঁকি তৈরি করার** অভিযোগ থাকলে:

- তা প্রধানশিক্ষক বা অধ্যক্ষকে জানানো উচিত
- যেখানে প্রধানশিক্ষক বা অধ্যক্ষ সম্পর্কে উদ্বেগ/অভিযোগ থাকে, সেখানে গভর্নরদের প্রধান, ব্যবস্থাপনা কমিটির প্রধান বা কোনও ব্যক্তিগত স্কুলের মালিককে জানানো উচিত এবং

---

[16]গুরুতর কেসের পর্যালোচনাগুলির বিশ্লেষণ এখানে পাবেন gov.uk/government/publications/serious-case-reviews-analysis-lessons-and-challenges.

- প্রধান শিক্ষক সম্পর্কে উদ্বেগ/অভিযোগ থাকলে, সেই প্রধান শিক্ষক স্বতন্ত্র স্কুলের একমাত্র মালিক হলে অথবা এমন পরিস্থিতি থাকলে যেখানে প্রধান শিক্ষকের কাছে রিপোর্ট করতে গেলে স্বার্থদ্বন্দ্ব থাকতে পারে, সেক্ষেত্রে সরাসরি স্থানীয় কর্তৃপক্ষের মনোনীত কর্মকর্তা(দের)কে (LADO) জানানো উচিত। আপনার স্থানীয় LADO'র বিবরণ আপনার স্থানীয় কর্তৃপক্ষের ওয়েবসাইটে সহজেই পাওয়া উচিত।

73. যদি কর্মীদের সুরক্ষা সংক্রান্ত উদ্বেগ থাকে বা কর্মীদলের অন্য সদস্য (সরবরাহ কর্মী, স্বেচ্ছাসেবক বা ঠিকাদার সহ) সম্পর্কে অভিযোগ থাকে যা ক্ষতির সূত্রপাত **করে না**, তাহলে এটি স্কুল বা কলেজের নিম্নস্তরের উদ্বেগ নীতি অনুসারে জানানো উচিত। এই নির্দেশিকার চতুর্থ ভাগে আরও বিশদ দেওয়া আছে।

## স্কুলে বা কলেজের মধ্যে সুরক্ষা ব্যবস্থার বিষয়ে উদ্বেগ থাকলে স্কুল বা কলেজের কর্মীদের কি করা উচিত

74. সমস্ত কর্মী এবং স্বেচ্ছাসেবকদেরকে অসন্তোষজনক বা অনিরাপদ যে কোনও ব্যবস্থা এবং স্কুল বা কলেজের সুরক্ষাবিধিতে সম্ভাব্য ব্যর্থতার বিষয়ে উদ্বেগ জানাতে পারা উচিত এবং এও জেনে রাখা উচিত যে এই ধরনের উদ্বেগগুলি ঊর্ধ্বতন দলীয় নেতৃত্ব গুরুত্ব সহকারে দেখবেন।

75. এই উদ্বেগগুলি স্কুল বা কলেজের ঊর্ধ্বতন দলীয় নেতৃত্বকে জানানোর জন্য যথাযথ হুইসেলব্লোয়িঙ পদ্ধতি থাকা উচিত।

76. যেখানে একজন কর্মী সদস্য তাদের নিয়োগকর্তার কাছে কোনও সমস্যা জানাতে অক্ষম হয় অথবা মনে করেন যে তাদের প্রকৃত উদ্বেগগুলির সমাধান করা হচ্ছে না, সেখানে হুইসেলব্লোয়িঙের অন্য দরজা তাদের কাছে খোলা রয়েছে:

- হুইসেলব্লোয়িঙের উপর সাধারণ নির্দেশিকা এখানে রয়েছে: Whistleblowing for employees (কর্মীদের জন্য হুইসেলব্লোয়িং)

- যেসব কর্মীদের মনে হয় তারা অভ্যন্তরীণ স্তরে অপ্রাপ্তবয়স্কের নিরাপত্তায় ব্যর্থতার বিষয়ে উদ্বেগ প্রকাশ করতে পারছেন না, বা তার স্কুল বা কলেজ যেভাবে দুশ্চিন্তার বিষয় সামলেছে তা নিয়ে যদি তার উদ্বেগ থাকে তাহলে তার জন্য আরেকটি বিকল্প হল NSPCC whistleblowing Advice line (NSPCC হুইসেলব্লোয়িঙ অ্যাডভাইস লাইন)। কর্মীরা 0800 028 0285 নম্বরে কল করতে পারেন এবং লাইনটি সোমবার থেকে শুক্রবার 08:00 টা থেকে 20.00 টা পর্যন্ত আর শনি-রবি 09:00 টা থেকে 18.00 টা পর্যন্ত খোলা থাকে। ইমেল ঠিকানা: help@nspcc.org.uk[17].

[17] এছাড়া, কর্মীরা এখানেও লিখতে পারেন: ন্যাশনাল সোসাইটি ফর দ্য প্রিভেনশন অফ ক্রুয়েল্টি টু চিলড্রেন (NSPCC), ওয়েস্টন হাউস, 42 কার্টেন, রোড, লন্ডন EC2A 3NH.

# কোনও অপ্রাপ্তবয়স্ক সম্পর্কে উদ্বেগ থাকলে করণীয় পদক্ষেপ

**কর্মীদের অপ্রাপ্তবয়স্ক সম্পর্কে উদ্বেগ আছে এবং অবিলম্বে পদক্ষেপ নেবেন। কর্মীরা তাদের অপ্রাপ্তবয়স্ক সুরক্ষা নীতি অনুসরণ করবেন এবং মনোনীত সেফগার্ডিং লীড[1] -এর সাথে কথা বলবেন**

স্কুল/কলেজের পদক্ষেপ

অন্য সংস্থার পদক্ষেপ

রেফারেলের প্রয়োজন নেই, স্কুল/কলেজ প্রাসঙ্গিক পদক্ষেপ নেবে, সম্ভবত ব্যক্তিগত সহায়তা এবং/অথবা শীঘ্র সাহায্য[2] সহ, এবং স্থানীয়ভাবে পর্যবেক্ষণ করবে

উদ্বেগ বাড়লে রেফারেল[3] করবে

মনোনীত সেফগার্ডিং লীড বা কর্মী অপ্রাপ্তবয়স্কদের সামাজিক পরিচর্যা বিভাগে রেফারেল [3] করবেন (এবং উপযুক্ত ক্ষেত্রে পুলিশ ডাকবেন)

সমাজকর্মী 1 কার্যদিবসের মধ্যে প্রয়োজনীয় প্রতিক্রিয়ার প্রকার সম্পর্কে সিদ্ধান্ত নেবেন

অসহায় অপ্রাপ্তবয়স্কের অবিলম্বে সুরক্ষা প্রয়োজন: রেফারারকে জানানো

ধারা 47[4] এর যথাযথ অনুসন্ধান: রেফারারকে জানানো

ধারা 17[4] এর যথাযথ অনুসন্ধান: রেফারারকে জানানো

আনুষ্ঠানিক মূল্যায়ন নিষ্প্রয়োজন: রেফারারকে জানানো

সমাজকর্মী, পুলিশ বা NSPCC দ্বারা গৃহীত যথাযথ জরুরি ব্যবস্থা[5]

উল্লেখযোগ্য ক্ষতির ঝুঁকি আছে এমন অপ্রাপ্তবয়স্ককে শনাক্ত করা[4]: সম্ভাব্য অপ্রাপ্তবয়স্ক সুরক্ষা পরিকল্পনা

অসহায় অপ্রাপ্তবয়স্ক[4] এবং উপযুক্ত সহায়তা শনাক্ত করা

স্কুল/কলেজ ব্যক্তিগত সহায়তা এবং/অথবা শীঘ্র সাহায্যের মূল্যায়নের[2] মাধ্যমে সার্বজনীন পরিষেবা এবং অন্য সহায়তা অ্যাক্সেস করার কথা বিবেচনা করে

**সমাজকর্মীদের সহায়তা করার জন্য কর্মীদের, যথাসম্ভব চেষ্টা করা উচিত।**
**সমস্ত পর্যায়ে, কর্মীদের অপ্রাপ্তবয়স্কের পরিস্থিতিগুলি পর্যালোচনায় রাখা উচিত (দরকার মত মনোনীত সেফগার্ডিং লীডকে (বা ডেপুটিকে) জানিয়ে), এবং অপ্রাপ্তবয়স্কের পরিস্থিতির উন্নতির জন্য - অপ্রাপ্তবয়স্কের সেরা স্বার্থ যাতে সর্বাগ্রে থাকে তা নিশ্চিত করার জন্য যথাযথ ক্ষেত্রে আবার রেফার করা উচিত।**

[1] সদস্যকর্মীর বিরুদ্ধে লাঞ্ছনার কোনও অভিযোগ বা উদ্বেগ সংক্রান্ত কিছু থাকলে এই নির্দেশিকার চতুর্থ ভাগ দেখুন।

[2] শীঘ্র সাহায্য মানে অপ্রাপ্তবয়স্কদের জীবনে যে কোনও সময়ে সমস্যার সম্মুখীন হওয়া মাত্র সহায়তা প্রদান করা। যেখানে একটি অপ্রাপ্তবয়স্ক সমন্বিত শীঘ্র সাহায্য থেকে উপকৃত হবে, সেখানে শীঘ্র সাহায্য আন্তঃসংস্থার মূল্যায়নের ব্যবস্থা করা উচিত। আরো নির্দেশিকার জন্য Working Together to Safeguard Children (অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষার্থে এক সাথে কাজ করা) দেখুন

[3] রেফারেলে স্থানীয় থ্রেশহোল্ড নথিতে এবং মূল্যায়নের জন্য স্থানীয় প্রোটোকলে লিপিবদ্ধ প্রক্রিয়া অনুসরণ করা উচিত। Working Together to Safeguard Children (অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা) -র প্রথম অধ্যায়।

[4] চিলড্রেন অ্যাক্ট 1989 এর অধীনে, অসহায় অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষা ব্যবস্থায় ও তাদের কল্যাণ রক্ষার্থে তাদের পরিষেবা প্রদান করতে স্থানীয় কর্তৃপক্ষ বাধ্য। চিলড্রেন অ্যাক্ট 1989 এর ধারা 17-র অধীনে অসহায় অপ্রাপ্তবয়স্কর মূল্যায়ন করা যেতে পারে। চিলড্রেন অ্যাক্ট 1989 এর ধারা 47 এর অধীনে, কোনও অপ্রাপ্তবয়স্ক ভুগছে বা যথেষ্ট ভোগার সম্ভাবনা রয়েছে সে বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষের সন্দেহ থাকার যুক্তিসংগত কারণ থাকলে অপ্রাপ্তবয়স্কদের কল্যাণ রক্ষার্থে ও সুরক্ষা ব্যবস্থার জন্য পদক্ষেপ নিতে হবে কিনা তা নির্ধারণ করতে অনুসন্ধান করা তাদের কর্তব্য। পূর্ণ বিবরণ Working Together to Safeguard Children (অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষার্থে এক সাথে কাজ করা) -র প্রথম অধ্যায়ে আছে।

[5] এতে এমার্জেন্সি প্রোটেকশন অর্ডার অর্থাৎ জরুরি সুরক্ষা আদেশের (EPO) জন্য আবেদনও অন্তর্ভুক্ত থাকতে পারে।